প্রতিদিন অন্তত একবার আপনার প্রতিষ্ঠানের ই-মেইল দেখুন।	**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড** পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (শর্টকোর্স শাখা) আগারগাঁও, শেরে বাংলা নগর ঢাকা-১২০৭ Web site : www.bteb.gov.bd	প্রতিদিন অন্তত একবার বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov.bd) ভিজিট করবন।

স্মারক নং-বাকাশিবো/প-শর্টকোর্স/২০১৬/১৬৩ তারিখ ঃ ০৬-০৬-২০১৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ১ বছর মেয়াদি স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা (Health Technology and Services) শিক্ষাক্রমের (জুলাই-জুন সেশন ২০১৫-২০১৬) ২০১৬ সনের সার্টিফিকেট-ইন-মেডিকেল টেকনোলজি ২য় পর্ব বোর্ড সমাপনি (ফাইনাল) পরীক্ষা **আগামী ০৭ আগস্ট ২০১৬ খ্রিঃ রবিবার** হতে বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষা কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার কেন্দ্র তালিকা ও সময়সূচি যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশিৱষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে জানা যাবে এবং উক্ত তথ্যাদি কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও দেখা যাবে। **উক্ত পরীক্ষায় Litho Coded OMR Form সম্বলিত উত্তরপত্র ব্যবহার করতে হবে।**

স্বাক্ষরিত
(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭।

স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা (Health Technology and Services) শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান মোতাবেক উক্ত কোর্সের সিলেবাসে বর্ণিত সংশিৱষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক ও মান বন্টন অনুযায়ী ২য় পর্ব বোর্ড সমাপনি (ফাইনাল) পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার্থীদের প্রিন্ট আউট/এন্ট্রিফরম, পরীক্ষার ফি আদায় এবং বোর্ড অফিসে ফি প্রেরণের নিয়মাবলি নিম্নে প্রদত্ত হলো।

২০১৫-২০১৬ (জুলাই-জুন) শিক্ষাবর্ষে ১ বছর মেয়াদি সার্টিফিকেট-ইন-মেডিকেল টেকনোলজি শিক্ষাক্রমের ২য় পর্বে অধ্যায়নরত সকল ছাত্রছাত্রী নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হবে।

১। পরীক্ষার Online কপি পূরণের নিয়মাবলি ঃ

১.১ পরীক্ষায় অংশগ্রহণে পরীক্ষার্থীগণকে অত্যন্ত সাবধানতার সহিত Online এর মাধ্যমে ফরম পূরণ করতে হবে। সকল তথ্য ইংরেজিতে পূরণ করতে হবে।

১.২ প্রত্যেক পরীক্ষার্থীকে স্বীয় Online-এ নির্ধারিত স্থানে রেজিস্ট্রেশন নম্বর ও সেশন নির্ভুলভাবে লিখতে হবে। এতে কোন ব্যতিক্রম বাঞ্জনীয় নহে। রেজিস্ট্রেশন নম্বর ও সেশন উলেৱখবিহীন Online-এ সরাসরি নাকচ করা হবে।

১.৩ অনিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীগণ নিজ নিজ Online-এর ফরমের নির্ধারিত পংতিতে ২য় পর্বের প্রতিটি দেয় বিষয়ের পূর্ণনাম লিখতে হবে।

২। পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহের হার নিম্নরূপ ঃ

১	**পরীক্ষার ফি**	৩৫০.০০
২	**কেন্দ্র ফি**	৩২৫.০০
৩	**নম্বর পত্র ফি**	৭৫.০০
৪	**সনদপত্র ফি**	১০০.০০
৫	**ব্যবহারিক পরীক্ষার ফি**	ব্যবহারিক (প্রতি বিষয়ে জন্য) ২০.০০

২.১ প্রত্যেক পরীক্ষার্থীর নিকট হতে পরীক্ষার ফি ও অন্যান্য ফি বাবদ ৮৫০/-(আটশত পঞ্চাশ টাকা) + ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি বিষয়ে ২০ টাকা) টাকা হারে আদায় করতে হবে।

৩। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক Online-কপি প্রেরণ ও পরীক্ষার ফি বোর্ডে জমা প্রদানের নিয়মাবলি ঃ

৩.১ Online -এ ভুল তথ্যবিশিষ্ট পূরণ করা হলে সরাসরি নাকচ করা হবে এবং এ জন্য অত্র অফিস দায়ি থাকবে না।

৩.২ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি, নম্বরপত্র ফি এবং সনদপত্র ফি (৩৫০+৭৫+১০০)= ৫২৫/- টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় সচিব বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে প্রদান করতঃ তৎপরিবর্তে সংগৃহিত ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সংগে অবশ্যই প্রেরণ/জমা করতে হবে। ড্রাফটটি সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলন যোগ্য হতে হবে।

৩.৩ পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিল ব্যাংক একাউন্টে জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানি/ পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই অত্র অফিসের জারিকৃত প্রবর্তিত সম্মানি/পারিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উলেৱখসহ) যথাসময়ের অত্র বোর্ডের সচিবের বরাবরে প্রেরণ করতে হবে।

৩.৪ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশিৱষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহণ করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার চেক, পোস্টাল অর্ডার বা ট্রেজারি চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য হবে না।

৩.৫ পরীক্ষার্থীদের Online হার্ড কপি সমূহ সংশিৱষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৩.৬ অত্র অফিসে প্রেরণের পূর্বে প্রতিটি Online-এ লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশিৱষ্ট নথি প্রত্রের সাথে নির্ভুলভাবে পরীক্ষা করে টেকনোলজি অনুযায়ী শ্রেণি বিন্যাস করে আলাদাভাবে সাজিয়ে তালিকা প্রণয়ন করতে হবে। এর কোন ব্যতিক্রম গ্রহণয্যেগ্য হবে না।

৩.৭ নিম্নবর্ণিত ছক অনুযায়ী টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবে। প্রতি বিষয়ের পরীক্ষার্থীর সংখ্যা সম্বলিত একটি মুখপত্র সংযোজন করা আবশ্যক। অনিয়মিত/অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা আলাদাভাবে প্রেরণ করতে হবে।

ক্রমিক নং	পরীক্ষার্থীদের নাম	রোল নম্বর	রেজিঃ নম্বর ও সেশন	পরীক্ষার ফি	নম্বরপত্র ফি	বিলম্ব ফি	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

৩.৮ নিম্ন ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশিৱষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশিৱষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

Online-এ মাধ্যমে পরীক্ষার্থীদের ফরম পূরণের শেষ তারিখ।)	শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার ফরম পূরণকারী পরীক্ষার্থীদের তালিকা ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে ৩০০/- বিলম্ব ফিসহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	বিলম্ব ফিসহ ব্যাংক ড্রাফট ও অন্যান্য কাগজপত্র বোর্ডে জমা দেয়ার তারিখ	১৩-০৭-১৬ অর্থাৎ নির্ধারিত তারিখের পরে কাগজপত্র গ্রহণ/ জমাদানের ক্ষেত্রে অতিরিক্ত ২৫০০/-প্রদান করতে হবে।	অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ
২২-০৬-২০১৬ হইতে ২৯-০৬-২০১৬	৩০-০৬-২০১৬	১১-০৭-২০১৬	১৩-০৭-২০১৬	২০-০৭-২০১৬	০২-০৮-২০১৬ হইতে ০৩-০৮-২০১৬

৩.৯ পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও পরীক্ষার্থীদের Online-এর ফরম একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিস্টার বা সমপর্যায়ে কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশিৱষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহণযোগ্য।

❖ **পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ/প্রেরণ নিম্নবর্ণিত ঠিকানায় করতে হবে ঃ**

পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
দৃষ্টি আকর্ষণ ঃ মোঃ সুলতান হোসেন, কারিকুলাম বিশেষজ্ঞ
শর্ট কোর্স শাখা, কক্ষ নং-৯০১ (৯ম তলা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও,শেরেবাংলা নগর ,ঢাকা-১২০৭।
মোবাইল ঃ ০১৭১৫-১০৮৫৪৯

০৪ **অন্যান্য শর্তাবলি ঃ**

৪.১ পরীক্ষার্থীদের Online-এ এবং ফি সমূহ সংশিৱষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না। পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফি এর অর্থ একটি ড্রাফট এর মাধ্যমে ও Online-এ (এন্ট্রিফরম) সমূহ ৩.৭ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণী একটি ফরোয়াডিং এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে। ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়াডিং এর মাধ্যমে এন্ট্রিফরম প্রেরণ করা বর্জনীয়।

৪.২ নির্ধারিত সময় সীমার মধ্যে Online-এর কপি অত্র বোর্ডে জমা/গ্রহণ নিশ্চিত ও সংশিৱষ্ট পরীক্ষার্থীদিগকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে এন্ট্রিফরম ও ব্যাংক ড্রাফট ৪.১ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণই শ্রেয় ও সমীচিন।

৪.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক এন্ট্রিফরম পূরণের সময়ে অত্র বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদেরকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদেরকে অবহিত করা সর্বোত্তম।

৪.৪ পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষার শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে ফেরৎ দিতে হবে। অন্যথায় উত্তরপত্র প্রতি ১০০/- (একশত) টাকা ও অতিরিক্ত উত্তরপত্র প্রতি ৫০/- (পঞ্চাশ) টাকা হারে জরিমানা করা হবে।

স্মারক নং-বাকাশিবো/প-শর্টকোর্স/২০১৬/১৬৩ (৯৩) তারিখ ঃ ০৬-০৬-২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য ও সেবা অধিদপ্তর, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের আগামী ৩০ জুলাই '১৬ খ্রিঃ তারিখের পূর্বে অ্যাডমিড কার্ড প্রিন্টপূর্বক পরীক্ষা শাখায় প্রেরণ করাসহ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য আপনাকে অনুরোধ করা হলো।
৬। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কাযার্দি সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।
৮। উপ-পরিচালক (প্রকাশনা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১-৯১ অধ্যক্ষ/পরিচালক, স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান।
৯২। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯৩। নথি।

(মোঃ সুলতান হোসেন)
কারিকুলাম বিশেষজ্ঞ
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
মোবাইল ঃ ০১৭১৫-১০৮৫৪৯